কোটচাঁদপুর পৌর শহরের ভ্রাম্যমান আদালতের অভিযান

কোটচাঁদপুর পৌর শহরের মোড়ে মোড়ে অভিযান চালিয়েছেন ভ্রাম্যমান আদালত। শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত চালানো হয় এ অভিযান। অভিযান পরিচালনা করেন,কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট খান মাসুম বিল্লাহ।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,অভার স্প্রিডে মটর সাইকেল চালনো,এক মটর সাইকেলে ৩ জন চড়া,হেডমেট বিহিন মটর সাইকেল চালানো,সড়কের উপর দোকান বসানো,কাঠ রাখা,অবৈধ পাকিং সহ বিভিন্ন অভিযোগে বেশ কয়েক জনকে বিভিন্ন পরিমানে অর্থদন্ড করেন।এ সময় সর্তক বার্তাও দেন আরো কয়েক জনকে।

শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত পৌরশহরের মোড়ে মোড়ে চালানো হয় এ অভিযান।

অভিযানে অর্থদন্ড করা হয়,তাসনিম স্টোরের মালিক মোঃ আব্দুল জলিল কে ১ হাজার টাকা, কাজী স্টোর কে ১ হাজার টাকা, বলুহর বাস স্ট্যান্ডের আব্দুল মজিদ ফল ভান্ডার কে ২ হাজার টাকা,বাসুদেব ফল ভান্ডার কে ২ হাজার টাকা,হেলমেট বিহীন মোটর সাইকেল চালানোর অপরাধে মিঠু কে ২ শত টাকা,জাহিদ কে ২শত টাকা, মোটরসাইকেল চালানো অবস্থায় মোবাইলে কথা বলা হেলমেট,রেজিষ্ট্রেশন বিহীন মোটরসাইকেল চালানোর অভিযোগে ২ হাজার টাকা,হেলমেট বিহীন তিনজন একই মটর সাইকেলে চড়ার অভিযোগে ৫শত টাকা অর্থ দন্ড প্রদান করা হয়।

এ ছাড়া অবৈধ ভাবে ট্রাক পার্কিং করে ব্রীজের উপর রাখায় একজনকে ৫শত টাকা অর্থ দন্ড প্রদান করা হয়।
এ সময় সতর্ক করেন,আব্দুল মজিদ ফল ভান্ডার, রনি সাইকেল স্টোর,রথী টেডার্স,মাধব জুয়েলার্স,সাইফুল চা স্টোর,সুমাইয়া স্টোর,আশিক এন্টারপ্রাইজ,তাওয়াকুল হোমিও হল,সোহেল স্টোর,লাবনী এন্টারপ্রাইজ,সূর্য ইলেকট্রনিক্স,ব্রীজঘাট মোড়ের রেনেসাঁ সেনেটারী, রায়েছাদকে।

অভিযান পরিচালনা করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট খান মাসুম বিল্লাহ। এ সময় উপস্থিত

ছিলেন গণমাধ্যম কর্মী কোটচাঁদপুর মডেল থানার এস আই মোঃ ইদ্রিস,সহ পুলিশ ও আনসার সদস্যরা।

মুজিবনগর স্মৃতিসৌধে জনপ্রশাসন এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণ

মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি।

মেহেরপুর সদর উপজেলায় শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামের ভিত্তিপ্রস্তর স্থাপন সম্পূর্ণ করে,শনিবার বিকেলে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি কে মুজিবনগর মুক্তিযুদ্ধের ভাস্কর্য এবং বাংলাদেশের মানচিত্র ঘুরে দেখান মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি।

মুজিবনগর পরিদর্শন শেষে মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের পাশে গৌরিনগর খেলার মাঠে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে স্থান পরিদর্শন করেন প্রতিমন্ত্রীদ্বয়।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুরের জেলা প্রশাসক ড.মোহাম্মদ মনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম,জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক কে এম জাহিদ হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানায় অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

কাশফুল বুটিক কসমেটিক্স অ্যান্ড টেইলার্স এর উদ্বোধন

কাশফুল বুটিক কসমেটিক্স অ্যান্ড টেইলার্স এর উদ্বোধন করা হয়। শনিবার বিকেলে মহিলা কলেজ রোডে আয়সুন পার্কে দোকান নাম্বার -৪ এ এই উদ্বোধন করা হয়।

কাশফুল বুটিক কসমেটিকস এন্ড টেইলার্স এর স্বত্বাধিকারী প্রোপাইটার মাহমুদা আক্তার সুমি বলেন আমার কাশফুল নামে দোকান ছিল তবে আজ থেকে নতুন করে এবং নতুন রূপে যাত্রা শুরু করলাম আমার জন্য দোয়া করবেন। কাশফুলে আমাদের নতুন সংযোজন হচ্ছে টেইলার্স।

তিনি আরও বলেন এখানে কসমেটিক্স, অ্যামিটেশন জুয়েলারি, থ্রি পিস, স্যান্ডেল ইত্যাদি সহ শুধুমাত্র মেয়েদের সকল প্রকার জিনিসপত্র এখানে পাওয়া যাবে সেই সাথে আমরা টেলার্সের কাজটাও শুরু করেছি।

মেহেরপুরে প্রবীণ হিতৈষী সংঘ কমিটি গঠন

মেহেরপুরে প্রবীণ হিতৈষী সংঘের সাধারণ সভা ও বার্ষিক বনভোজন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে হাজী গিয়াস উদ্দীনের বাগানবাড়ীতে বনভোজন সহ নতুন কমিটি ঘোষণা করা হয়।

প্রধান নির্বাচন কমিশনার নূরুল আহম্মেদ প্রবীণ হিতৈষী সংঘে হাজী মো: আবুল কালাম সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নূরুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ১৯ সদস্য বিশিষ্ট কমিটি ঘোষণা করেন।

কমিটির বাকি সদস্যরা হলেন, সহ-সভাপতি হাজী মো: গিয়াস উদ্দীন, মো: রফিক-উল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক হাজী মো: আব্দুস সামাদ, বীর মুক্তিযোদ্ধা হাজী কে.এম ফজলুল করিম, অর্থ সম্পাদক মো: আব্দল কাদের, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আব্দুল মজিদ, সমাজসেবা ও সাংস্কৃতিক সম্পাদক মীর রওশন আলী মনা, প্রচার প্রকাশনা তথ্য ও গবেষণা সম্পাদক মো: আমানুল্লাহ, মহিলা বিষয়ক সম্পাদক মোছা: নিলুফার বানু, নিবার্হী সম্পাদক মো: মশিউর রহমান (মজনু), মো: আশাবুল হক, মো: আলেক সাইফুল্লাহ, মো: ফজলুল হক, মো: সামসুল আলম, মো: ইউসুফ হোসেন, আব্দুস সালাম ও শ্রী রবীন্দ্রনাথ সাহা প্রমুখ।

কোটচাঁদপুরে ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় থানায় মামলা

ট্রাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী মৃত্যুর ঘটনায় মামলা হয়েছে কোটচাঁদপুর মডেল থানায়। তবে আটক হয়নি ঘাতক ট্র্যাক্টর ও ড্রাইভার । গতকাল শুক্রবার মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এ মামলা করেছেন বলে জানিয়েছেন মামলার তদন্ত কর্মকর্ত।

জানা যায়, গতকাল শুক্রবার (০৩-০২-২৩)বেলা ১২ টার সময় উপজেলার গালিমপুর গ্রামের দাস পাড়া মোড়ে মাটি বোঝাই ট্রাক্টরের সঙ্গে ধাক্কা লাগে মটর সাইকেল আরোহী মাহমুদুল ইসলাম (২৫) ও রবি(২৪)। এতে করে গুরুত্বর আহত হন তারা। পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মাহমুদুল ইসলাম (২৫)কে মৃত বলে ঘোষণা দেন আর রবিকে উন্নত চিকিৎসার জন্য যশোর হাসপাতালে রেফার্ড করেন।

পরে পুলিশ মৃত দেহ উদ্ধার করে। ডাক্তার সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করায় মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়। ওই ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে কোটচাঁদপুর থানায় মামলা করেন।

মামলা নাম্বার -০২,তারিখ-০৩-০২-২৩। ওই মামলায় আসামি করা হয়েছে ট্রাক্টর ড্রাইভার সমীর হোসেনকে। সে পৌর এলাকার রুদ্রপুর গ্রামের মাঠপাড়ার খলিল উদ্দিনের ছেলে। তবে মামলা হলেও আটক হয়নি আসামি। উদ্ধারও হয়নি ঘাতক ট্রাক্টর টি।

জানা যায়, মাহমুদুল হাসান ছিলেন,জাপান টোবাকো কালিগঞ্জ অফিসের স্টোর কিপার। সে যশোর ঝিকরগাছার গদখালি এলাকার নুরুল ইসলামের ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক (এসআই) ও তদন্ত কর্মকর্তা সিরাজুল আলম বলেন,গতকালের সড়ক দুর্ঘটনার ঘটনায় মৃতের ভাই মহাসিন আলী বাদি হয়ে এক জনের নামে মামলা করেছেন। আসামি ধরতে অভিযান অব্যহত রয়েছে।

আশা করছি খুব দ্রুত মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার মামলা নিষ্পত্তি হবে – যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি বলেছেন,সম্প্রতি বডিবিল্ডার ফাইনালে অসন্তোষসহ দেশে খেলোয়াড়দের সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে ‘আমাদের তালিকাভুক্ত ৫৩টি ইভেন্ট ফেডারেশন ও অ্যাসোসিয়েশন রয়েছে। এতে হাজার হাজার খেলোয়াড় রয়েছে। সেখানে বডিবিল্ডারের মতো একটি ইভেন্টের রেজাল্ট নিয়ে ঘটনাটি বিছিন্ন এবং অনাকাঙ্ক্ষিত।’
দেশে ফুটবল ও ক্রিকেটসহ সব ধরনের ক্রীড়ার মান উন্নয়ন ও সম্প্রসারণ নিয়ে তিনি আরও বলেন, ‘দেশে মাঠের সংখ্যা কমে যাওয়ায় খেলাধুলা কমে গেছে। আবার মামলা জটিলতার কারণে অনেক ক্রীড়া সংস্থার নির্বাচন দীর্ঘদিন হয়নি। এজন্য মেহেরপুরসহ জেলা পর্যায়ের ক্রীড়া সংস্থাগুলোকে সক্রিয় করতে যে সমস্ত ক্রীড়া সংস্থায় নির্বাচন ঝুলে আছে, সেগুলোর নির্বাচন দ্রুত সম্পন্ন করতে

নির্দেশ দেওয়া হচ্ছে।

শনিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্থর উদ্বোধন কালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

ফুটবলের গণজাগরণ নিয়ে তিনি বলেন, আমরা প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট চালু করেছি। বিশ^বিদ্যালয়গুলোতে ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। স্কুল ও কলেজগুলোতেও আমরা ফুটবল টুর্নামেন্ট চালুর প্রক্রিয়া নিচ্ছি। ক্রমান্বয়ে এভাবেই দেশে ফুটবলে আবার গণজাগরণ সৃস্টি হবে।

এর আগে তিনি মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ২০ কোটি ৯ লাখ টাকা ব্যয়ে শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তি প্রস্থর কাজের উদ্বোধন কাজের ফলক উন্মোচন করেন। এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনএমপি সেখানে উপস্থিত ছিলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির সভাপতিত্বে ভিত্তি প্রস্থর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্র জাহিদ আহসান রাসেল এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদ এম এ খালেক, আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু।

প্রধান অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি প্রিয় কাজ এবং সবচেয়ে বেশি পছন্দ করেন যে প্রকল্পটিকে সেটি হলো শেখ রাসেল মিনি স্টেডিয়াম প্রকল্পকে। প্রধানমন্ত্রীর নির্দেশে সারাদেশের ১৮৬টি উপজেলায় এক যোগে শেখ রাসেল মিনি স্টেডিয়ামের কাজ চলছে। খেলাধুলার মান উন্নয়নে জেলা স্টেডিয়াম ছিলো, বিভাগীয় স্টেডিয়াম ছিলো কিন্তু উপজেলা স্টেডিয়াম ছিলো না। ফলে তৃণমূলে যাতে খেলাধুলার মান উন্নয়ন করা যায়। সেকারণে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে।

গাংনীতে ফেন্সিডিলসহ শিশু আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ বোতল ফেন্সিডিলসহ সাজিদ আলী (১৪) নামের এক ইজিবাইক চালককে আটক করেছে গাংনী থানা পুলিশ। গতকাল শুক্রবার(০৩ ফেব্রুয়ারি) দুপুর সাড়ে ১২টার দিকে তাকে আটক করে।আটককৃত সাজিদ আলী উপজেলার কাজিপুর গ্রামের মধ্যপাড়ার শাহাজামাল আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, উপজেলা রামনগর গ্রাম দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ভবানীপুর ক্যাম্প ইনচার্জ এস আই জহির রায়হান সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৫০বোতল ফেন্সিডিলসহ ইজিবাইক চালক সাজিদ আলীকে আটক করে। এসময়মাদক বহনের কাজে ব্যবহৃত ইজিবাইকটিতে তল্লাশি করে ৫০ বোতল ফেনসিডিল উদ্ধার করে ।

তিনি আরো জানান,আটককৃত সাজিদ আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা পূর্বক আদালতে পাঠানো হবে । সাজিদের ইজিবাইকটি জব্দ করা হয়।

মেহেরপুর “পুলিশ সুপার কাপ’ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা অনুষ্ঠিত

মেহেরপুরে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৩ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার রাতে মেহেরপুরে পুলিশ লাইনস মেহেরপুর জেলা পুলিশ ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন করে।

টুর্নামেন্টে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এর নেতৃত্বে গাংনী থানা পুলিশের একটি টীম,মুজিবনগর থানা পুলিশের টীম,সদর থানা পুলিশের টীম পুলিশ সুপার কার্যালয়ের টীম,জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের টীমসহ মোট ২৪ টি দল অংশ গ্রহন করে।

১২ টি দলে ভাগ হয়ে টানটান উত্তেজনাকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার (এডমিন) জামিরুল ইসলামের টীম অন্যদিকে তার ড্রাইভার কাউছার ও কম্পিউটার অপারেটর জাহিদ ফাইনালে ওঠেন। শ্বাসরুদ্ধকর খেলায় অতিরিক্ত পুলিশ সুপার এডমিন জামিরুল ইসলামের দলকে হারিয়ে কাউছার ও জাহিদের টীম চ্যাম্পিয়ন হয়।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে ট্রফি ও পুরুস্কার তুলে দেন। জেলা পুলিশের আয়োজনে পুলিশ সুপার কাপ আন্তঃ ব্যাডমিন্টন প্রতিযোগীতা সাধুবাদ জানিয়েছেন সুধী মহল। এমন আয়োজন পুলিশের সকল সদ্স্যদের মধ্যে আনন্দ জুগিয়েছে এবং প্রতিবছর আয়োজনের দাবী করেছেন।

মেহেরপুরের রাইপুরে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার খন্দকারপাড়া ও রাইপুরে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ আহমেদের নেতৃত্বে নেতাকর্মীরা এ বুকলেট বিতরণ করেন।

এসময় শিশির অরুপ, ফারুক হোসেন, আব্দুর রাজ্জাক, বেলায়েত হোসেন, রাশিদুল হাসান, সাজিদ হোসেনসহ নেতাকর্মীরা অংশ নেন।

দর্শনার মুক্তি ক্লিনিকে ডাক্তারের ভুল চিকিৎসায় তৃতীয় শ্রেনীর ছাত্রের মৃত্যু

দর্শনা রেলগেট সংলগ্ন মুক্তি ক্লিনিকে আনাড়ি ডাক্তারের ভুল চিকিৎসায় মাদরাসার তৃতীয় শ্রেণীর ছাত্রের মুত হয়েছে। ঝামেলা এড়াতে নানা কৌশলে বাদি পক্ষের সাথে আপোষরফা করে নিয়েছে ক্লিনিক মালিক। অনেকেরই প্রশ্ন চিকিৎসার নামে এসব কসাই খানাতে আর কত প্রাণ ঝরবে।

জানাগেছে, দর্শনা পৌর এলাকার পরানপুর গ্রামের রিফজি কোলনি পাড়ার আনোয়ার হোসেন ড্রাইভারের ছেলে দর্শনা পুরাতন বাজার দারুল উলুম কিন্ডার গার্ডেন মাদরাসার তৃতীয় শ্রেণীর ছাত্র আমিনুল ইসলামের (৮) পেটে যন্ত্রনা শুরু হলে গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে দর্শনা রেলগেট সংলগ্ন মুক্তি ক্লিনিকে নিয়ে যায়।

সেখানে কর্তব্যরত চিকিৎসক সেলিনা আক্তার সীমু আমিনুলের এ্যাপেন্ডিস হয়েছে অপারেশন করতে হবে। ডাক্তারে কথায় বিশ্বাস স্থাপন করে পরিবারের লোকজন তাতে সন্মতি দেয়।

অভিযোগ উঠেছে আনাড়ি ডাক্তার এ্যাপেন্ডিস অপারেশনের পর রোগির অবস্থার অবনতি দেখা দিলে চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন। রাত ৩টার দিকে হাসপাতালে পৌছালে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

আমিনুলের লাশ নিজবাড়ি পৌছুলে গ্রামবাসি ক্লিনিকের উপর চড়াও হয়। একপর্যায় দর্শনা থানাপুলিশ লাশ উর্দ্ধার করে ময়না তদন্তের জন্য থানাতে নেয়। সূত্র জানিয়েছে বাদি পক্ষের সাথে ক্লিনিক মালিক কৌশলে ঝামেলা এড়াতে আপোষ মিমাংসা করে নেয়। ফলে ময়না তদন্ত ছাড়াই লাশের দাফন সম্পন্ন হয়। এলাকাবাসির অভিযোগ চিকিৎসার নামে এসব কসাই খানাতে আর কত প্রাণ ঝরবে।

বিষয়টি তদন্তপূর্বক ক্লিনিক মালিকের বিরুদ্ধে প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে এলাকাবাসি।